

MAJOR
PHYSICALEDUCATION
1ST SEMESTER
UNIT 3

- 3.2.1. The Field of Mars,
- 3.2.2. The Public Games,
- 3.2.3. The Circus Maximus,
- 3.2.4. The Colosseum,
- 3.2.5.. Gladitorial Combats,**
- 3.2.6. The Thermae

PRESENTED BY Md Shamim Akhter
SACT Plassey College

ফিল্ড অফ মার্স (The Field of Mars)

- ক্যাম্পাস মাটিয়াস: ক্যাম্পাস মাটিয়াস হল এমন একটি স্থান যেখানে রোমের তরুণরা বা যুবকরা শারীরিক ও মানসিক উৎকর্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ করত। প্রাচীন রোমান যুগে তরুণরা এইরূপ গৃহসংলগ্ন ক্যাম্পাস মাটিয়াসে ঘোড়ায় চড়া, সাঁতার কাটা, মুষ্টি যুদ্ধ করত এবং সামরিক প্রশিক্ষণ পেত। এরূপ প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল সামরিক বাহিনীতে যোগদান করা।

Continue.....

- **(The Field of Mars)** : প্রাচীন রোমে 'ক্যাম্পাস মারিটয়াস' 'দ্য ফিল্ড অফ মার্স' নামে প্রচলিত ছিলো। ক্যাম্পাস মারিটয়াস একটি উন্মুক্ত ক্ষেত্র যা টাইবার নদী এবং পিনসিয়ান ও কইরিনাল পর্বত শ্রেণীর মধ্যে বিস্তৃত ছিলো। এই অঞ্চলটি জলাভূমি ছিলো এবং বর্ষার সময় প্লাবিত হতো। উন্মুক্ত সমতল ক্ষেত্রের মাঝামাঝি রোমানরা যুদ্ধের দেবতা মার্স এর মূর্তি স্থাপন করেছিলো। মাঝে মাঝে এই উন্মুক্ত ক্ষেত্রে সেনা ছাউনি স্থাপন করা ছাড়া খ্রীষ্টপূর্ব পঞ্চম শতাব্দী পর্যন্ত ফিল্ড অফ মার্স উন্মুক্তই ছিলো। মার্স শুধুমাত্র রোমের যুদ্ধ দেবতা ছিলেন না, তিনি কৃষিকর্মের দেবতাও ছিলেন। স্টরবো, লিভি প্রভৃতি ঐতিহাসিকগণ এই উন্মুক্ত ক্ষেত্রের কৃষিকর্ম তথা ফসল উৎপাদনের বিষয়টি উল্লেখ করেছেন। এছাড়া পুকুর, জলাভূমি, ঝরণা প্রভৃতি স্থানটিতে ছড়িয়ে ছিটিয়ে ছিলো। এইরূপ একটি ঝরণার নাম ছিলো পেটেরানিয়া অ্যামনিস। এটি ছিলো এলাকার বৃহত্তর ঝরণা।

Continue.....

- রোমে যুদ্ধ-বিগ্রহ ছিলো নিত্য নৈমিত্তিক ঘটনা। খ্রীষ্টপূর্ব 415 শতক থেকে খ্রীষ্টপূর্ব 264 শতক পর্যন্ত মাত্র 13 বছরের জন্য রোমে শান্তি ছিলো। 387 খ্রীষ্ট পূর্বাব্দ থেকে ভলসিক নামক প্রাচীন উপজাতিদের সাথে যুদ্ধের সময় ক্যাম্পাস মারিট্যাসকে সেনা ছাউনি হিসেবে ব্যবহার করা শুরু হয়। এই ক্যাম্পাসে যুদ্ধ অনুষ্ঠিত হয়। ডিওডোরাস বলেছেন ভলসিক উপজাতিদের সাথে যুদ্ধকালীন সময়ে ক্যাম্পাস মাটিয়াসে রোমের সকল উপযুক্ত ও যুদ্ধ সক্ষম পুরুষরা যুদ্ধে অংশগ্রহণ করতো। রোমের প্রাচীন প্রজাতন্ত্রের সেনায় যোগাদন ছিলো মৌসুমী প্রকৃতির। বসন্তকালে সেনারা 'ফিল্ড অফ মার্স-এ একত্রিত হতো এবং শরৎকালে তাদের বিদায় দেওয়া হতো।

Continue.....

- 264 খ্রীঃ পূর্বাভেদ পুনিক যুদ্ধের শুরু থেকে 146 খ্রীষ্টপূর্বাভেদ পর্যন্ত দ্রুততার সাথে ক্যাম্পাস মারিটয়াসে রোমান দেবতার মন্দির স্থাপন করা হয় এবং রোমের বিজয় উৎসব পালন করা হয়। বিজয় উৎসব উপলক্ষে ক্যাম্পাস মারিটয়াসে রোমের যে সকল আচার অনুষ্ঠান অনুষ্ঠিত হতো তার অন্যতম ছিলো ইকুইরিয়া (Equirria) বা ঘোড়ার দৌড়, যা 27 ফেব্রুয়ারী থেকে 14 মার্চ পর্যন্ত অনুষ্ঠিত হতো। 15 অক্টোবর, যেখানে অপর একপ্রকার ঘোড়ার দৌড় অনুষ্ঠিত হতো এবং দৌড়ে জয়লাভকারী ঘোড়াটিকে বলি দেওয়া হতো। রোমের নৌসেনাদের সমাবেত হওয়ার স্থানটিও ছিল ক্যাম্পাস মারিটয়াস।

Continue.....

- ক্যাম্পাস মার্টিয়াস সর্বদা রাষেট্রর মালিকানাধীন ছিলো না এবং মালিকানার সময়রেখাকে ঘিরে যথেষ্ট অনিশ্চয়তা রয়েছে। লিভির মতে, 'ফিল্ড অফ মার্স', ব্যক্তিগত ভাবে টারকুইন পরিবারের মালিকানাধীন ছিলো, কিন্তু তাদের নির্বাসনের পরে এটি রাষ্ট্রীয় সম্পত্তিতে পরিণত হয়। লুসিয়াস টারকুইনিয়াস সুপারবাস ছিলেন রোমের অন্তিম রাজা এবং 524 -509 খ্রীষ্ট পূর্বাব্দ পর্যন্ত তিনি শাসন কার্য পরিচালনা করেন। একবার রাষ্ট্র দ্বারা অধিগৃহীত হওয়ার পর ফিল্ড অফ মার্স দেবতা মার্সকে উৎসর্গ করা হয়।

